



বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।
Website: www.bb.org.bd

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ-২

বিআরপিডি-২ সার্কুলার লেটার নং-০৪

১১ চৈত্র ১৪৩২
তারিখঃ-----
২৫ মার্চ ২০২৬

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলী ব্যাংক

প্রিয় মহোদয়,

এলপিডি আমদানিকারকদের জন্য এলসি জটিলতা নিরসনে
ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ২৬খ(১) ধারা হতে অব্যাহতি প্রদান প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে বাংলাদেশ ব্যাংক কর্তৃক ২৫ মার্চ ২০২৬ তারিখে জারিকৃত প্রজ্ঞাপন নং-বিআরপিডি-২(আর-১)(ল'রিভিউ)৭১৭/
২০২৬-৮৭৩ এর অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি:- ০১ (এক)

আপনাদের বিশ্বস্ত,

মোঃ আলা উদ্দিন
পরিচালক (বিআরপিডি-২)
ফোন: ৯৫৩০০৯৫

বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়, ঢাকা-১০০০

বাংলাদেশ।

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ-২

প্রজ্ঞাপন

নং-বিআরপিডি-২(আর-১)(ল'রিভিউ)৭১৭/২০২৬-৮৭৩

১১ চৈত্র ১৪৩২

তারিখঃ-----

২৫ মার্চ ২০২৬

ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ (১৯৯১ সনের ১৪ নং আইন) এর ১২১ ধারায় প্রদত্ত ক্ষমতা বলে এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাইতেছে যে, দেশের প্রয়োজনীয় এলপিজি আমদানিতে এলসি জটিলতা নিরসনে তথা এলপিজি সরবরাহ নির্বিঘ্ন রাখিবার লক্ষ্যে উক্ত খাতের আমদানীর জন্য এলপিজি আমদানিকারক কোন একক ব্যক্তি, প্রতিষ্ঠান বা গ্রুপকে কোন ব্যাংক কর্তৃক ঋণ প্রদানে বাংলাদেশ ব্যাংক হইতে অনুমোদন প্রদানের ক্ষেত্রে ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ২৬খ(১) ধারার শর্তাংশে বর্ণিত বিধান আগামী ৩১ ডিসেম্বর ২০২৬ তারিখ পর্যন্ত কার্যকর হইবে না। তবে, ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ২৬খ(১) ধারার শর্তাংশে উল্লেখিত ২৫% উর্ধ্বসীমার স্থলে আগামী ৩১ ডিসেম্বর ২০২৬ তারিখ পর্যন্ত উর্ধ্বসীমা কত হইবে তাহা বাংলাদেশ ব্যাংক নির্ধারণ করিবে।



(ড. মোঃ কবির আহাম্মদ)

ডেপুটি গভর্নর

বাংলাদেশ ব্যাংক